একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.০৪২.০১১.০১.০০.০০১.২০১৪-৪৪৬৬ তারিখঃ ১০/১২/২০১৫।

বিষয়ঃ জেলা পরিষদের সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র ঃ ময়মনসিংহ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০১.১১.০০১.১৫-১০৪৪, তারিখঃ ২৯/১০/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলা পরিষদের মালিকানাধীন নবনির্মিত ডাকবাংলো ও অডিটরিয়াম সুষ্ঠু রক্ষণা বেক্ষণের লক্ষ্যে নিম্নে বর্ণিত শর্তে সাংগঠনিক কাঠামো বর্হিভূত পদে দৈনিক মজুরী ভিত্তিতে ২জন দারোয়ান কাম কেয়ার টেকার নিয়োগে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো ঃ

ক্রঃ নং	ডাকবাংলোর নাম	পদ সংখ্যা
১	ধোবাউড়া উপজেলার ধোবাউড়া ডাকবাংলো	১টি
২	ঈশ্বরগঞ্জ উপজেলার ঈশ্বরগঞ্জ অডিটরিয়াম কাম-কমিউনিটি সেন্টার	১টি

শর্তসমূহঃ

১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে।

২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পারবেনা।

৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।

৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না।

৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১০/১২/১৫

(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ।

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) ঃ

১। প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।